

💵 সুনান ইবনু মাজাহ

হাদিস নাম্বারঃ ৬৬৩

১/ পবিত্রতা ও তার সুন্নাতসমূহ (کتاب الطهارة وسننها)

পরিচ্ছেদঃ ১/১৩৮. কোন ব্যক্তির নাপাকির গোসলে তার শরীরের সামান্য কিছু অংশে পানি না পৌঁছলে তাকে যা করতে হবে।

بَابِ مَنْ اغْتَسَلَ مِنْ الْجَنَابَةِ فَبَقِيَ مِنْ جَسَدِهِ لُمْعَةٌ لَمْ يُصِبْهَا الْمَاءُ كَيْفَ يَصنْنَعُ

আর্বী

حَدَّثَنَا أَبُو بَكْرِ بْنُ أَبِي شَيْبَةَ، وَإِسْحَاقُ بْنُ مَنْصُورٍ، قَالاَ حَدَّثَنَا يَزِيدُ بْنُ هَارُونَ، أَنْبَأَنَا مُسْتَلِمُ بْنُ سَعِيدٍ، عَنْ أَبِي عَلِي الرَّحَبِيّ، عَنْ عِكْرِمَةَ، عَنِ ابْنِ عَبَّاسٍ، أَنَّ النَّبِيَّ - صلى الله عليه وسلم - اغْتَسَلَ مِنْ جَنَابَةٍ فَرَأَى لُمْعَةً لَمْ يُصِبْهَا الْمَاءُ فَقَالَ بِجُمَّتِهِ فَبَلَّهَا عَلَيْهَا . قَالَ إِسْحَاقُ فِي حَدِيثِهِ فَعَصَرَ شَعْرَهُ عَلَيْهَا .

বাংলা

১/৬৬৩। ইবনু আব্বাস (রাঃ) থেকে বর্ণিত। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম নাপাকির গোসল করলেন, তারপর দেখতে পেলেন যে, তাঁর শরীরের সামান্য অংশে পানি পৌঁছায়নি। তিনি এক আজলা পানি আনিয়ে তা সেই স্থানে প্রবাহিত করলেন। ইসহাক (রহঃ)-এর বর্ণনায় আছে: তিনি তাঁর পশম ভিজালেন।

English

It was narrated from Ibn 'Abbas:

"The Prophet bathed to cleanse himself from sexual impurity, then he saw a spot that the water did not reach." Then he motioned with the hair hanging over his shoulders and squeezed (the water from it) over that spot." (Da'if)In his narration, Ishaq said: "So he wrung his hair over it."

ফুটনোট

তাখরীজ কুতুবুত সিত্তাহ: আহমাদ ২১৮১

তাহক্বীক্ব আলবানী: যঈফ। উক্ত হাদিসের রাবী আবু আলী আর রাহাবী সম্পর্কে আহমাদ বিন হাম্বল বলেন, তিনি



প্রত্যাখ্যানযোগ্য। আলী ইবনুল মাদীনী বলেন, তিনি হাদিস বর্ণনায় নির্ভরযোগ্য। ইমাম বুখারী বলেন, তিনি অধিক মুনকার হাদিস বর্ণনা করেন। তার থেকে হাদিস বর্ণনা করা যাবে না। আবু যুরআহ আর-রাযী ও আবু হাতিম আর-রাযী বলেন, তিনি হাদিস বর্ণনায় দুর্বল।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আব্বাস (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন